ঈশ্বরদীতে ছাত্রদলের মিছিলে মুখোশধারীদের হামলা, গুলিবিদ্ধ ৫



ছবি: সংগৃহীত

পাবনার ঈশ্বরদীতে ছাত্রদলের বিক্ষোভ মিছিলে মুখোশধারীদের হামলায় পাঁচ নেতাকর্মী গুলিবিদ্ধ হয়েছেন।

সোমবার (২৩ নভেম্বর) সন্ধ্যা ৬টার দিকে উপজেলার সাঁড়া ইউনিয়নের মাজদিয়া এলাকায় এ ঘটনা ঘটে।

আহতরা হলেন মিজান হোসেন খাঁ, রিফাত হোসেন, মহিদুল ইসলাম, রিশাদ ও রবিউল। স্থানীয়রা তাঁদের উদ্ধার করে ঈশ্বরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। পরে প্রাথমিক চিকিৎসা শেষে তাঁদের রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

আহতদের দাবি, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নৈরাজ্যের প্রতিবাদে তাঁরা বিক্ষোভ মিছিল করছিলেন। এ সময় মুখোশধারী কয়েকজন অতর্কিতে হামলা চালিয়ে গুলি করেন।

ঈশ্বরদী থানার ওসি আসাদুর রহমান বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। বিষয়টি তদন্ত করা হচ্ছে। এ ঘটনায় পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

LENS ASIA